



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'মাদক ও সন্ত্রাস বিরোধী ছাত্র সমাবেশ ও কনসার্ট' অনুষ্ঠিত



সমাজ হতে মাদক ও সন্ত্রাসের দুরীভূত ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ মার্চ-২০১৮, সোমবার, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), লালবাগ জোন-এর যৌথ উদ্যোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিজ্ঞান ভবন চত্বরে 'মাদক ও সন্ত্রাস বিরোধী ছাত্র সমাবেশ ও কনসার্ট' অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের পরিবেশনায় জাতীয় সঙ্গীত ও উদ্বোধনী সঙ্গীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে প্রধান অতিথি বাংলাদেশ পুলিশের মহা-পরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী, বিপিএম (বার) এবং প্রধান আলোচক মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোঃ আছাদুজ্জামান মিয়া, বিপিএম (বার), পিপিএম বক্তব্য প্রদান করেন। এসময় উপাচার্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে এধরনের একটি অনুষ্ঠানের আয়োজনের জন্য বাংলাদেশ পুলিশকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও ঢাকা মেট্রোপলিটন পুলিশ লালবাগ জোনের উপ-পুলিশ কমিশনার-এর সঞ্চালনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী, প্রক্টর অধ্যাপক ড. নুর মোহাম্মদ,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল প্রমুখ বক্তব্য প্রদান করেন। এসময় উপাচার্য বাংলাদেশ পুলিশের মহা-পরিদর্শক (আইজিপি) ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারকে এবং আইজিপি উপাচার্যকে ক্রেস্ট প্রদান করেন। সমাবেশ শেষে অনুষ্ঠানের মূল আকর্ষণ শুরু হয়। এতে দেশের প্রখ্যাত 'জলের গান' ব্যান্ড দলের পরিবেশনায় কনসার্ট পরিবেশিত হয়। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে গান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন অনুষ্ঠানের দিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান,



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



শিক্ষক, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা, পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, কে. এল. জুবিল স্কুলের শিক্ষার্থীসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।